গাংনীতে শিশু বলাৎকারকারীর দুই সহযোগী গ্রেফতার

গাংনীতে শিশু বলাৎকারকারীর দুই সহযোগীকে গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী শহরের মাঠপাড়ার বিশারত আলীর ছেলে আখের আলী ও শফিকুল ইসলামের ছেলে শিশু রাহুল।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) জহির রাইহানের নেতৃত্বে পুলিশের একটি টিম শুক্রবার দিবাগত মধ্যরাতে তাদের নিজ নিজ বাড়িতে অভিযান চালিয়ে এই দুই আসামিকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার আইও এসআই জহির রাইহান বলেন, আখের ও রাহুল দুজনেই শিশু বলাৎকার কারীর সহযোগী হিসেবে গ্রেফতার দেখানো হয়েছে। এছাড়া মুরছালিনকে গ্রেফতার করতে অভিযান অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, গত ৫ জুলাই গাংনী উপজেলা শহরের মাঠপাড়ার মুরগী ব্যবসায়ী মুরছালিন একই পাড়ার এক শিশুকে পাখি শিকারের নামে ডেকে নিয়ে একটি কলা ক্ষেতের মধ্যে ধর্ষণ করে। এই ধর্ষণের ভিডিও ও ছবি বিভিন্ন লোকের মোবাইল ফোনে ছড়িয়ে পড়ে। পরে গতকাল শুক্রবার দুপুরের দিকে ওই ধর্ষিতা শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। মামলার পরপরই অভিযান শুরু করে গাংনী থানা পুলিশ।

গাংনীতে গাঁজাসহ যুবক আটক

১০০ গ্রাম গাঁজাসহ আশিক হাসান মুন্না (২১) নামের এক যুবককে আটক করেছে গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্পের একটি দল।
আশিক হাসান গাংনী উপজেলার কাজিপুর গ্রামের হকছেদ আলীর ছেলে।

সোমবার দিবাগত রাতে গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আবুল কালাম আযাদের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিত্বে তার বাড়িতে অভিযান তাকে আটক করেন।

আটক মুন্নার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা দিয়ে আজ মঙ্গলবার বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে এক ব্যক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার

গাংনীর পল্লী জালশুকা গ্রামে আলতাব হোসেন (৫২) নামের এক ঝুলন্ত ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
আলতাব হোসেন জালশুকা গ্রামের বালিয়াপাড়া এলাকার হোসেন আলীর ছেলে।

সোমবার দিবাগত রাতে তার নিজ ঘরের আড়ার সাথে তার মরদেহ ঝুলতে দেখেন তার স্ত্রী। পরে গাংনী থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে গাংনী থানা পুলিশ তার মরদেহ উদ্ধার করে থানায় নেন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, তার স্ত্রী চুয়াডাঙ্গার এক আত্মীয়র বাড়িতে বেড়াতে গিয়েছিলেন। বাড়ি ফিরে এসে তার মরদেহ ঝুলতে দেখেন। তবে, কি কারনে সে আত্মহত্যা করেছে কিছুই বলতে পারেনি তার পরিবার। আলতাব হোসেন পেশায় একজন কৃষক।
মরদেহ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে।